

পরিপত্র

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবর্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে যাচাই পূর্বক প্রত্যয়ন।

বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান, সংস্থা, বিশ্ববিদ্যালয় থেকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত বিষয়ে প্রেরিত প্রমাণকসমূহ যাচাই বাছাই পূর্বক প্রত্যয়ন প্রদানের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ইতোমধ্যে এ মন্ত্রণালয়ে ব্যাপক সংখ্যক মুক্তিযোদ্ধার প্রমাণক যাচাই বাছাই এর অপেক্ষায় আছে। এ ব্যাপক সংখ্যক মুক্তিযোদ্ধার সনদ যাচাই বাছাই সম্পন্ন করণের জন্য যথেষ্ট সময় প্রয়োজন। মুক্তিযোদ্ধা গণকর্মচারীদের বয়স বৃদ্ধিসহ বিভিন্ন গদের বিপরীতে সুপারিশপ্রাপ্ত চাকরি প্রত্যাশী,বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুপারিশকৃত ভর্তিচ্ছুক প্রার্থীরা বিভিন্ন সময়ে এ মন্ত্রণালয়ে এসে তাঁদের সনদ প্রত্যয়নের বিষয়ে তাগাদা দিচ্ছেন। কিন্তু জনবলের অভাবে তা দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব হচ্ছে না।

০২। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত তথ্য যাচাই এর বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্দেশনাবলী জারী করা হলঃ-

ক) কোন মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবর্তা অথবা ভারতীয় তালিকায় থাকলে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd)-এ প্রকাশিত লালমুক্তিবর্তা অথবা ভারতীয় তালিকার সাথে তা মিলিয়ে নেবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত লাল মুক্তিবর্তা কিংবা ভারতীয় তালিকা কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, ঠিকানা সঠিক পাওয়া গেলে তা গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে তাঁর বয়স ৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সঠিকতার পাশাপাশি বয়স প্রত্যয়িত পর্যায়ের হলে, সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তাঁকে মুক্তিযোদ্ধা গণ্য করে সংশ্লিষ্ট প্রার্থীকে আইনানুগভাবে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারবে। আরো উল্লেখ থাকে যে, কোন প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত লাল মুক্তিবর্তা কিংবা ভারতীয় তালিকা কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত পত্র প্রেরণ করবে। তৎপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করলে সে মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

খ) কোন মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকা কিংবা লাল মুক্তিবর্তায় না থাকা সত্ত্বেও যদি তাঁর অনুকুলে

i) গেজেট ও সাময়িক সনদ

কিংবা

ii) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদ (বামুস)

কিংবা

iii) গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ থাকে

তবে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত গেজেট,সাময়িক সনদ/বামুস সনদ এর সাথে তা মিলিয়ে নেবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ /গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, ঠিকানা সঠিক পাওয়া গেলে তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে তাঁর বয়স ৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সঠিকতার পাশাপাশি বয়স প্রত্যয়িত পর্যায়ের হলে, সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তাঁকে মুক্তিযোদ্ধা গণ্য করে সংশ্লিষ্ট প্রার্থীকে অস্থায়ী নিয়োগ প্রদান করতে পারবে। তবে এ জাতীয় গেজেট ও সনদ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই বাছাই এর আওতাধীন থাকায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ মর্মে অশ্চিকারনামা গ্রহণ করবে যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তাঁর অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন। আরো উল্লেখ থাকে যে, কোন প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/ গেজেট ও বামুস সনদ /গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত পত্র প্রেরণ করবে। তৎপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রার্থীর